গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
www.mole.gov.bd

## ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ পর্যালোচনা ও চালুকৃত বিষয়ক প্রতিবেদন

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও জিডিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | রিকুইরিশন এন্ড ইনভেনটরি ম্যানেজমেন্ট সিস্টেম | এ সিস্টেমটি ব্যবহারের মাধ্যমে এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীরা তাদের প্রয়োজনীয় ষ্টেশনারী, অফিস সরঞ্জামাদি ও অন্যান্য সকল রিকুইজিশনসমূহ অনলাইনের মাধ্যমে প্রদান করছেন। পূর্বে বিভিন্ন শাখা থেকে চাহিদাপত্র বারবার প্রিন্টিং-এর ফলে অর্থের অপচয় হত এবং দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটত। এছাড়া এ সফটওয়্যারটি ব্যবহার করে মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয়, সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ সংক্রান্ত তথ্যাদি তাৎক্ষনিকভাবে জানা এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্ভব হচ্ছে।<br>❖ অনলাইনে রিকুইজিশন চাহিদাপত্র প্রদান<br>❖ সহজে সকল তথ্য প্রাপ্তি ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণ<br>❖ স্টোরের যাবতীয় কাজে স্বচ্ছতা আনয়ন<br>❖ স্টোরের ঘাটতি সম্পর্কে পূর্বে ধারণা প্রাপ্তি<br>❖ প্রাপ্যতা অনুযায়ী দ্রব্যের ব্যবহার নিশ্চিত করা<br>❖ অপচয় হ্রাস করা ও সরকারি অর্থের সাশ্রয়করণ<br>❖ সর্বোপরি সেবার গুনগত পরিবর্তনসাধন<br>❖ অনুমতি সাপেক্ষে স্টোরের পণ্যের পরিবর্তনসাধন | সেবাটি কার্যকর রয়েছে | http://114.129.11.218:8080/mole/Account/Login?ReturnUrl=%2fIRMS%2f | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। |
| ০২. | বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর বিভিন্ন ধারা হতে অব্যাহতি প্রদানের আবেদন | বিভিন্ন কলকারখানা ও প্রতিষ্ঠান তাদের প্রয়োজন অনুযায়ী বাংলাদেশ শ্রম আইন ২০০৬-এর বিভিন্ন ধারা হতে অব্যাহতি প্রদানের আবেদন করে থাকেন। সেপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় র‍্যাপিড ডিজিটাইজেশনের আওতায় মাইগভ (একসেবা) প্ল্যাটফর্ম ব্যবহার করে এই সেবাটি ডিজিটালাইজ করে সহজীকরণ করা হয়েছে। | সেবাটি কার্যকর রয়েছে | https://www.mygov.bd/services/info?id=BDGS-1611038239 | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। সেবাগ্রহীতারা আবেদনের প্রেক্ষিতে সেবাটি গ্রহণ করতে পারবেন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও জিডিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবার লিংক | মন্তব্য |
| ০৩. | ইন্টারনেট সংযোগের মডেম ও আনুষাঙ্গিক ব্যয় বাবদ টাকা উত্তোলনের আবেদন | সরকারি কর্মকর্তাদের ইন্টারনেট সংযোগের মডেম ও আনুষাঙ্গিক ব্যয় বাবদ টাকা উত্তোলনের আবেদন করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় র‍্যাপিড ডিজিটাইজেশনের আওতায় মাইগভ (একসেবা) প্ল্যাটফর্ম ব্যবহার করে এই সেবাটি ডিজিটালাইজ করে সহজীকরণ করা হয়েছে। | সেবাটি কার্যকর রয়েছে | https://www.mygov.bd/services/info?id=BDGS-1580027733 | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। |
| ০৪. | টাস্ক ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম | মন্ত্রণালয়ের কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়ণের উদ্দেশ্যে এ সিস্টেমটি চালু করা হয়েছে। এর মাধ্যমে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উপর অর্পিত দায়িত্ব নির্ধারিত সময়ে সঠিকভাবে সম্পন্ন হচ্ছে কি না তা পরিবীক্ষণ করা হচ্ছে। এছাড়া এ সিস্টেমটি ব্যবহারের মাধ্যমে মন্ত্রণালয়ের কর্মকর্তারা তাঁদের দৈনন্দিন কর্মসূচি ও প্রয়োজনীয় ডকুমেন্ট সমূহ সহজে ব্যবস্থাপনা করতে পারছেন। ভবিষ্যতে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার কার্যক্রম এই ডিজিটাল প্লাটফর্মের সাথে অন্তর্ভুক্ত করা হবে। | সিস্টেমটি কার্যকর রয়েছে | http://114.129.11.218:8080/mole/Account/Login?ReturnUrl=%2fTMS%2f | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। |
| ০৫. | তথ্য অধিকার আইনের আওতায় নাগরিককে তথ্য প্রদান | তথ্য অধিকার-এর আওতায় নাগরিকদের তথ্য প্রদান করা প্রতিটি সরকারি দপ্তরের একটি অন্যতম কাজ। সেপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে নিয়মিতভাবে তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান করা হয়ে থাকে। বর্তমানে এই সেবাটি ম্যানুয়ালি নাগরিকগণ আবেদন করেন। এতে নাগরিকগণ মন্ত্রণালয় তথ্য প্রাপ্তির জন্য আবেদন পৌঁছানোর ক্ষেত্রে নানা ধরনের জটিলতার সম্মুখীন হতে হয়। তাই সেবাটি মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটালাইজ করে সহজীকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। | সেবাটি কার্যকর রয়েছে | https://www.mygov.bd/services/info?id=BDGS-1637040703 | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। সেবাগ্রহীতারা আবেদনের প্রেক্ষিতে সেবাটি গ্রহণ করতে পারবেন। |
| ০৬. | কলকারখানা ও প্রতিষ্ঠানে সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রমের ব্যবস্থাপনা, মনিটরিং এবং এনালাইসিস সিস্টেম | দেশের কারখানা ও প্রতিষ্ঠানে দুর্ঘটনা ও ঝুঁকি হ্রাসে সঠিক পদক্ষেপ গ্রহন সম্ভব হলে দেশের শিল্প কারখানায় শ্রম পরিবেশ উন্নত হবে, দেশের ভাবমূর্তি আরো উজ্জ্বল হবে, বিদেশী বিনিয়োগ ও রপ্তানি বাড়বে যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে। ইতিমধ্যে এ সিস্টেমের মাধ্যমে ফেজ-১ এ মোট ৫২০৬ কলকারখানা ও প্রতিষ্ঠানের পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হচ্ছে। পর্যায়ক্রমে দেশের অন্যান্য কলকারখানা ও প্রতিষ্ঠানের পরিদর্শন কার্যক্রম এ সিস্টেমের মাধ্যমে সম্পন্ন হবে। এ সিস্টেমকে নিজস্ব সার্ভার এর পাশাপাশি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সার্ভারে ও হোস্টিং করা হচ্ছে। এনালাইসিস টুলসকে নিয়মিত আপডেট করা হচ্ছে ফলে এটি আরও বুদ্ধিমত্তা সম্পন্ন হচ্ছে। ওয়েব প্লাটফর্মের পাশাপাশি মোবাইল এ্যাপস্ সমূহ (অ্যান্ড্রয়েড ও আইওএস) ডেভেলপ করা হচ্ছে। | সিস্টেমটি কার্যকর রয়েছে | https://ciams.org/Account/Login?ReturnUrl=%2f | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। এছাড়া এ সিস্টেমের মাধ্যমে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও জিডিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবার লিংক | মন্তব্য |
| ০৭. | স্থাবর সম্পত্তির ডাটাবেজ এবং মনিটরিং সিস্টেম | এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের স্থাবর সম্পত্তির একটি ডাটাবেইজ তৈরি করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল তথ্য সংযুক্ত করা হয়েছে। | সিস্টেমটি কার্যকর রয়েছে | http://114.129.11.218:8080/ICTSupportSystem/assetdb.aspx | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। |
| ০৮. | কেস ম্যানেজমেন্ট সিস্টেম | মহামান্য সুপ্রিম কোর্ট, হাই কোর্ট, আপীল বিভাগে ও শ্রম আদালতে এ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা সংশ্লিষ্ট চলমান মামলাসহ নতুন মামলা দায়ের হলে সে সংশ্লিষ্ট সকল কার্যক্রম কেস মেনেজম্যান্ট সিস্টেম এর মাধ্যমে ব্যবস্থাপনা ও মনিটরিং করা হচ্ছে। | সিস্টেমটি কার্যকর রয়েছে | http://182.160.113.236:2301/ | পর্যালোচনা পূর্বক সেবাটি বর্তমানে যথাযথভাবে চালু রয়েছে মর্মে প্রতীয়মান হয়। |